দৈনিক জনকণ্ঠ

তারিখ 11 SEP 1998
পৃঃ ৩ কলাম ৫

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে তিনটি নতুন বিষয়ে অনার্স চালু

**ই. বি. সংবাদদাতা ঃ** ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষ হতে ইসলামী বিশ্ববিদ্যালয়ে আরও তিনটি অত্যাধুনিক বিষয় খোলা হয়েছে। অত্যাধুনিক এই তিনটি বিষয় হচ্ছে ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান, বায়োটেকনোলজি বা জীব প্রযুক্তিবিদ্যা ও ইনফরমেশন সায়েন্স এ্যান্ড টেকনোলজি। এ নিয়ে বিজ্ঞান অনুষদের মোট বিভাগ হলো ৬টি। অপর তিনটি বিষয় হলো ইলেক্ট্রনিক্স ও ফলিত পদার্থ বিজ্ঞান, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি, ফলিত গণিত ও কম্পিউটার সায়েন্স। নতুন তিনটি বিষয়ও ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের অন্তর্ভুক্ত। ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান এবং বায়োটেকনোলজি বিভাগের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ডঃ এম আলাউদ্দিন। ইনফরমেশন সায়েন্স এ্যান্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন ডঃ এম একিন উদ্দিন। বিজ্ঞান অনুষদের এই ছয়টি বিভাগ ছাড়াও মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদের অধীনে ৬টি, ব্যবসায় প্রশাসন অনুষদের অধীনে ২টি, ধর্মতত্ত্ব অনুষদের অধীনে ৩টি এবং আইন অনুষদের অধীনে ১টি করে বিভাগ রয়েছে। তবে শীঘ্রই চিকিৎসা অনুষদ খোলার সম্ভাবনা রয়েছে। পরিসংখ্যান, ভূগোল, দর্শন, সাংবাদিকতাসহ আরও বেশ ক'টি বিষয় খোলার কথা থাকলেও অজ্ঞাত কারণে তা বন্ধ রয়েছে।